

টেকসই উন্নয়নে গবেষণার বিকল্প নেই : শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম বাহিদ বলেছেন, গবেষণা হলো একটি দেশের উন্নয়নের প্রধান হাতিয়ার। টেকসই উন্নয়নে গবেষণা জিটিক পরিকল্পনার বিকল্প নেই। মরদবার রাজধানীর একটি হোটোলে ব্রিটিশ কাউন্সিল গবেষকদের সেডবকন বিষয়ক কর্মশালায় উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

যুক্তরাজ্যের বাথ বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউট ফর পলিটিক্স রিসার্চ এবং বাংলাদেশ ইন্সটিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিস (বিআইডিএস) যৌথভাবে তিনদিনব্যাপী এ কর্মশালায় আয়োজন করেছে। কর্মশালায় প্রতিপাদ্য টেকসই ও পাণ্ডিপূর্ণ শহর: বৈশ্বিক পরিমন্ডলে বাংলাদেশ। বাংলাদেশ ও যুক্তরাজ্যের ৪০ জন তরুণ গবেষক এ কর্মশালায় অংশগ্রহণ করছেন।

যুক্তরাজ্যের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত নিক লো বলেন, এ কর্মশালা বাংলাদেশের সঙ্গে যুক্তরাজ্যের পতিশালী বি-পাকিক সম্পর্ক উন্নয়নের ক্ষেত্রে হিসেবে স্বাধকত হবে। এছাড়া বাংলাদেশ ও যুক্তরাজ্যের তরুণ গবেষকদের মধ্যে সংযোগ, পরস্পরের কাছ থেকে শেখার সুযোগ সৃষ্টি, পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি, নতুন গবেষণা ও যৌথ গবেষণা কর্মে উৎসাহ প্রদান করবে।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ব্রিটিশ কাউন্সিলের ভারপ্রাপ্ত ড. নুত্রাফা কে নুজেরি, বিআইডিএস-এর জ্যেষ্ঠ গবেষক ড. এস এম জুলফিকার আলী, যুক্তরাজ্যের বাথ বিশ্ববিদ্যালয়ের সহযোগী ডিন ড. গ্রাহাম কে ব্রাউন প্রমুখ।